Sanatan Dharma



ইষ্টমন্ত্র ১০৮ বার জপ

ইষ্টমন্ত্র ১০৮ বার জপ করিলে তাহাতে অন্যসময় কৃত ১০০৮ বার জপের তুল্য ফল হয়।কাশীর বিশিষ্টতা আবার এরুপ যে, তথায় গ্রহণকালে 108 বার জপে অন্য স্থানে কৃত দশ হাজার আট বার জপের ফল পাওয়া যায়।
কর্ম করিতে করিতে জ্ঞান হয়,বিচারবুদ্ধি খুলিয়া যায়, সত্য-দর্শন হয়। দর্শন হইলেই বিশ্বাস হয়।
সদ্ গুরুর নির্দেশে অনুসারে "কর্ম" করিলে পরে অবস্থাগুলি আপনা আপনি খুলিয়া যায়।
বাপু, সবই নিজের কর্ম্মের ফল,সেই কর্ম্ম আর বাড়াইও না। বাপু, কেবল দুঃখটুকুই দেখে,কিন্তু কত রাশি রাশি দুষ্কৃতীর ভোগ ওই দুঃখটুকু তে কাটিয়া যাইতেছে তাহা দেখে না। দুষ্কর্ম ছাড়িয়া দাও, আর নতুন কর্মের সৃষ্টি হবে না।
দরজার মোড়ে বসিও না। ভূমিতে বা কোন স্থানে বিনা কারণে আঁক কাটিও না। বিনা কারণে কোন প্রকার শব্দ করিও না। এগুলি বড় খারাপ- উহাতে বড় অনিষ্ট হয়! দরজার সম্মুখে বসিলে ঋণ হয় -ঐরূপ কাজ করিও না।
কাহারও গা ঘেঁসিয়া বসিও না, বিশেষতঃ ভিন্ন শ্রেণী লোকের সহিত। উহাতে উভয়ের পরমাণু সংস্রবে উভয়েরই অনিষ্ট হয়।নিজ নিজ স্বাতন্ত্র্য শুদ্ধতা বজায় রাখা বিশেষ দরকার।তাহা না করিলে সাধন সম্বন্ধে উন্নতির বিঘ্ন হয়।...... শ্রী শ্রী

Published on: May, 12 2023 15:40

বিশুদ্ধানন্দ পরমহংস

Published on: May, 12 2023 15:40